

জনসংযোগ ও প্রকাশনা বিভাগ
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা - ৯২০৮, বাংলাদেশ।
ফোন : ০২৪৭৭৭৩৪১৫০, পিএবিএক্স: ৫০৮০
ফ্যাক্স : ৮৮-০২-৪৭৭৭৩৪১৩৮
ই-মেইল : office@prp.ku.ac.bd



Public Relations & Publications Division
Khulna University
Khulna - 9208, Bangladesh.
Phone : 02477734150, PABX : 5080
Fax : 88-02-477734138
e-mail : office@prp.ku.ac.bd

স্মারক নং-খুবি/জ.প্র./প্রে.রি/২০১৫-১৬৯৭

তারিখ: ৩১/০১/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

খুবির রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট হওয়ার সময়সীমা ৯ ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি

খুলনা বিশ্ববিদ্যালয় সিনেটে ৫ জন রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের জন্য রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট হওয়ার সময়সীমা আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর খান গোলাম কুদ্দুস স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, খুলনা বিশ্ববিদ্যালয় ১ম সংবিধি এর ৯(১) ধারা অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটবৃন্দের নিকট থেকে রেজিস্টারভুক্ত হওয়ার জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের যে সকল গ্রাজুয়েটদের প্রকাশিত ফলাফলের কমপক্ষে ৫ বছর (ট্রান্সক্রিপ্টে ফলাফল প্রকাশের তারিখ উল্লেখ রয়েছে) অতিক্রান্ত হয়েছে, কেবলমাত্র তারাই রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট হিসেবে তালিকাভুক্তি হওয়ার জন্য আবেদন করতে পারবেন। রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট হওয়ার জন্য ১২৫ টাকা ফিস প্রদান করে আবেদন করতে পারবেন। এছাড়াও ১২৫ টাকার অতিরিক্ত ১ হাজার টাকা অর্থাৎ মোট ১ হাজার ১২৫ টাকা জমা দিয়ে আজীবন সদস্য হতে পারবেন। আগামী ০৯-০২-২০২৩ খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটের (<https://registeredgraduates.ku.ac.bd/>) মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে।

উল্লেখ্য, রেজিস্ট্রেশন অনলাইনে হলেও খুলনা বিশ্ববিদ্যালয় সিনেটে ৫ জন রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন সশরীরে অনুষ্ঠিত হবে।

স্বাক্ষরিত/-

(এস এম আতিয়ার রহমান)

পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা বিভাগ

মোবাইল : ০১৭১১-৯৬৫২৫৪